দৈনিক ইনকিলাব ১১৭

তারিখ ... FEB. 28 1999 ... ...
পৃষ্ঠা ৬ ... কলাম ৩ ......

# ডঃ জহুরুল আলম চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নতুন রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর ডঃ জহুরুল আলম চৌধুরী নতুন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) হিসেবে যোগদান করেছেন। গত রবিবার রেজিস্ট্রার পদ থেকে ডঃ মাহবুব উল হক মজুমদারের পদত্যাগের পরিপ্রেক্ষিতে তাকে উক্ত দায়িত্ব দেয়া হয়। গতকাল সকাল ৯টায় এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বিদায়ী রেজিস্ট্রার ডঃ মাহবুব মজুমদার নতুন রেজিস্ট্রার ডঃ জহুরুল আলম চৌধুরীর নিকট দায়িত্বভার হস্তান্তর করেন। এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তা ও অফিসার সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।